দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 APR 1997 ...
পৃষ্ঠা 2 কলাম ৫

মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা

## কিছু ছাত্র-ছাত্রীর হাজিরা সহি না নেওয়ায় উৎকণ্ঠা

মেডিকেল রিপোর্টার ॥ গত শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের ৩০৪৪ নম্বর কক্ষে মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের হাজিরা গ্রহণ করা হয় নাই। প্রচলিত নিয়ম অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণকারী প্রত্যেক ছাত্রছাত্রীর স্বাক্ষর গ্রহণ করার জন্য এটেনডেন্স শীট সরবরাহ করা হয়। প্রত্যেক কক্ষের ইনভিজিলেটর ছাত্র-ছাত্রীদের খাতায় তাহাদের স্বাক্ষর গ্রহণ করেন। এই নিয়মে অন্যান্য কক্ষে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের হাজিরা নেওয়া হইয়াছে। কিন্তু কলা ভবনের ৩০৪৪ নম্বর কক্ষে অংশগ্রহণকারী ৩৫ জন ছাত্র-ছাত্রীর উক্ত শীটে স্বাক্ষর নেওয়া হয় নাই। ইহা নিয়া অভিভাবক ও উক্ত ছাত্র ছাত্রীরা উৎকণ্ঠা ও বিভ্রান্তির মধ্যে রহিয়াছে। এই ব্যাপারে ঢাকা মেডিকেল কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক শহীদুল ইসলাম জানান, হাজিরা শীটে স্বাক্ষর করুক কিংবা না করুক এ নিয়া অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের উৎকণ্ঠার কোন অবকাশ নাই। কারণ উক্ত ছাত্র-ছাত্রীরা যথারীতি পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে এবং খাতা জমা দিয়াছে ইহার প্রমাণ অনেক স্থানেই রহিয়াছে।